

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন : ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্স: ০২৯৯৭৭৫৩০১৩

সূত্র: মাভাবিপ্রবি/রেজি-একা/ছাত্রছাত্রী/কোর্স রেজি:(০০৫)/২/২০১১/ ২২৪৬ (৬৭)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের অন্তর্গত স্নাতকোত্তর শ্রেণির চলমান শিক্ষাবর্ষগুলোতে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে নির্ধারিত কোর্সসমূহের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ক্রেডিট ফি ও অন্যান্য খাতের ফিসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে ব্যাংকে জমা প্রদান করে কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে বলা হলো :

ছক

ক্রঃ নং	শিক্ষাবর্ষ	বর্ষ ও সেমিস্টার	প্রতি ক্রেডিট আওয়ার ফি (টাকা)	অন্যান্য ফি (টাকা) (প্রতি সেমিস্টারের জন্য)	Backlog/ Special কোর্স ফি (টাকা)
		(স্নাতক)			
০১	চলমান সকল শিক্ষাবর্ষ	(স্নাতকোত্তর কোর্স) M.S/MSc/MBA/MSS/MA/ M.Sc(Engg./M.Engg./ M.Pharm.(Profesonal)	১০০/-	সেমিস্টার ফি ৪৫০/-, পরীক্ষা ফি ৪৫০/- ল্যাব ফি ৫০০/- (ল্যাব থাকা সাপেক্ষে), ছোডশিট ফি ৮০/-, পরিবহন ফি : ৩০০/-	প্রতি ক্রেডিট ৩০০/- + প্রতি সেমিস্টারের ছোডশিট ফি ৮০/-

ছকে উল্লিখিত ফিসমূহ জমা দেয়ার সময়সূচি :

ক) ২৮/০৪/২০২৬ তারিখ হতে ১৪/০৫/২০২৬ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ছাড়া)

খ) ১৭/০৫/২০২৬ তারিখ হতে ২০/০৫/২০২৬ তারিখ পর্যন্ত (বিলম্ব ফিসহ)। বিলম্ব ফি : ১ম সপ্তাহ ২০০/-টাকা সহ পরবর্তী প্রতি সপ্তাহ ৫০/- টাকা হারে বাড়বে।

বিদ্র: প্রতি সপ্তাহের রোববার হতে বৃহস্পতিবার সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০টা পর্যন্ত সোনালী ব্যাংক পিএলসি, মাভাবিপ্রবি শাখা-এর হিসাব নং STD-6030103000036-এ ফিসমূহ জমা প্রদান করতে হবে।

নির্দেশাবলি :

- ১) নির্ধারিত কোর্স রেজিস্ট্রেশন ফরম স্ব- স্ব হল অফিস ও বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (www.mbstu.ac.bd) পাওয়া যাবে।
- ২) কোর্স রেজিস্ট্রেশন ফরম নির্ভুলভাবে পূরণের পর বিভাগীয় চেয়ারম্যান ও হল প্রভোস্টের স্বাক্ষর নিয়ে নির্ধারিত ফিসমূহ ব্যাংকে জমা দানের রশিদসহ কোর্স রেজিস্ট্রেশন ফরমের এক সেট ফটোকপি স্ব স্ব বিভাগীয় অফিসে জমা দিয়ে মূল ফরমটি রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় [নতুন প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় (লিফট-৩), উত্তর-পশ্চিম ব্লকে] জমা দিতে হবে।
- ৩) কোর্স রেজিস্ট্রেশন ফরমে নির্ধারিত কোর্সসমূহ স্পষ্টভাবে লিখতে হবে এবং অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা অথবা অন্য কোনোরূপ সংশোধন করা যাবে না। তবে, বিশেষ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ করে প্রয়োজনীয় সংশোধন করা যেতে পারে।
- ৪) রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় কোনো লেখা ঘষা-মাজা বা ওভাররাইটিং করা বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। তবে অনিবার্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৫) Re-Admission নেয়া শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন ফরমের উপরে অবশ্যই 'Re-Ad:' লিখতে হবে।
- ৬) বিজ্ঞপ্তিতে কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।



(প্রফেসর সাজ্জাদ ওয়াহিদ, পিএইচডি)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাভাবিপ্রবি।